

PRINT

সমকাল

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসির ফল প্রকাশ

১১ ঘণ্টা আগে

'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে'র (বাউবি) অধীনে ২০১৮ সালের এইচএসসি প্রোগ্রামের প্রথম ও দ্বিতীয় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এবার বাউবির এইচএসসি প্রোগ্রামে প্রথম ও দ্বিতীয় বর্ষের পরীক্ষায় মোট ১ লাখ ৪৩ হাজার ৫৩২ শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এর মধ্যে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করেন ৭৬ হাজার ১৫৮ শিক্ষার্থী। এতে বিভিন্ন গ্রেডে মোট ৪১ হাজার ৮৩৪ শিক্ষার্থী কৃতকার্য হয়েছেন। পাসের হার শতকরা ৫৪ দশমিক ৯৩ ভাগ। কৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে ৫২৯ জন 'এ', ৩ হাজার ৩৬৮ জন 'এ মাইনাস', ৯ হাজার ৮২৯ জন 'বি', ২২ হাজার ১৩৪ জন 'সি' এবং ৫ হাজার ৯৭৪ জন 'ডি' গ্রেডে উত্তীর্ণ হয়েছেন। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৫৩ দশমিক ৩৫ ভাগ ছাত্র এবং শতকরা ৫৭ দশমিক ৪১ ভাগ ছাত্রী। একই সঙ্গে ৬৭ হাজার ৩৭৪ জন প্রথম বর্ষের শিক্ষার্থীর পরীক্ষার ফলও প্রকাশ করা হয়েছে। পরীক্ষার্থীদের ঈএচঅ নড়.ধপ.নফ এবং উবঃধরষ জবঃষঃ-বীধস.নড়.বফঁ.নফ ঠিকানায় পাওয়া যাবে। এ ছাড়াও ঝগঝ এর মাধ্যমে চূড়ান্ত ফলাফল পাওয়ার জন্য নড়<ংঢধপব>ংঃঁফবহঃ ওউ (১১ফরমরঃং রিংযড়ঃ ধহুংঢধপব, ভড়ৎ বীধসঢষব ১৩০১১৮১০০০১) লিখে বাংলালিংকে ২৭০০ এবং অন্যান্য অপারেটরে ২৭৭৭ এসএমএস পাঠাতে হবে। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

